



দুরালাপনী : ৯৫৩০০১০-৭৫
ফ্যাক্স : ৯৫৩০২০৫

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিবিল বা/এ, ঢাকা-১০০০
বাংলাদেশ।
www.bb.org.bd

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

সূত্র: ডিএমডি/১৫৪/২০২৪-১৫৬২

তারিখ: ১৭ নভেম্বর, ২০২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়গণ,

নভেম্বর, ২০২৪ মাসে অনুষ্ঠিতব্য ৩০ দিন মেয়াদী বাংলাদেশ ব্যাংক বিলের নিলাম নোটিশ।

বাংলাদেশ ব্যাংকের ফরেন্স রিজার্ভ এন্ড ট্রেজারী ম্যানেজমেন্ট ডিপার্টমেন্টের ২১/০৯/২০০৬ তারিখের সূত্র নং: এফআরটিএমডি(পিডিএস)-১৫৪/২০০৬-১৬৬১ ও ১১/০৩/২০০৭ তারিখের সূত্র নং: এফআরটিএমডি(পিডিএস)-১৫৪/২০০৭-৫৪৮ এর নির্দেশনা মোতাবেক ৩০ দিন মেয়াদী বাংলাদেশ ব্যাংক বিলের নিলাম নভেম্বর, ২০২৪ মাসের ২০/১১/২০২৪ ও ২৭/১১/২০২৪ তারিখে অনুষ্ঠিত হবে। বিলের বৈশিষ্ট্য ও নিলামে অংশগ্রহণের জন্য বিড দাখিলের পদ্ধতি নিম্নে সংক্ষেপে বর্ণিত হলো :

- ক. নিলামের প্রস্তাবিত পরিমাণ : ১০ (দশ) লক্ষ টাকা বা দশ লক্ষ টাকার গুণিতক অংকের অভিজিত মূল্য উদ্ধৃত করে বিড দাখিল করতে ও মূল্যমান হবে।
- খ. পরিশোধ সময়কাল ও পদ্ধতি : মেয়াদান্তে বিলের মেয়াদপূর্তকৃত মূল্য সংশ্লিষ্ট ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের চলতি হিসাব আকলন করে পরিশোধ করা হবে। বিলের অর্জিত ডিস্কাউন্টের উপর আয়কর আইন, ২০২৩ এর ১০৭ নং অনুচ্ছেদ অনুযায়ী অনুযায়ী ব্যক্তি, পাবলিক লিমিটেড কোম্পানী, প্রাইভেট লিমিটেড কোম্পানী এবং ব্যাংক, বীমা ও অর্থ লগ্নীকারী প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে প্রযোজ্য হারে উৎসে কর কর্তন করা হবে।
- গ. বিল ক্রয়ের যোগ্য পক্ষ : ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসহ বাংলাদেশে নিবাসী সকল ব্যক্তি ও প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী।
- ঘ. হস্তান্তর যোগ্যতা : কোন ধারকের নামে বাংলাদেশ ব্যাংক বিলের স্থিতি থেকে দশ লক্ষ টাকা বা এর গুণিতক অংকের অভিজিত মূল্যের বিল অন্য ধারকের নামে ক্রয় বিক্রয়ের মাধ্যমে হস্তান্তরযোগ্য।
- ঙ. নিলামে বিড দাখিলের পদ্ধতি : ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসহ বাংলাদেশ ব্যাংকের সঙ্গে চলতি হিসাব পরিচালনাকারী যেকোন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান নিজস্ব খাতে বা তাদের ব্যক্তি/ প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী গ্রাহকদের পক্ষে বিড দাখিল করতে পারবেন।

প্রতি ১০০.০০ টাকা অভিজিত মূল্যের (Face Value) জন্য ডিস্কাউন্টে বিলের প্রস্তাবিত ক্রয়মূল্য (offer price) উল্লেখসহ মোট অভিজিত মূল্য উদ্ধৃত করে ইলেকট্রনিক প্রক্রিয়ায় নিলামের তারিখে সকাল ১০.০০ টা হতে দুপুর ১২.৩০ টার মধ্যে বাংলাদেশ ব্যাংকে স্থাপিত FMI Module এর মাধ্যমে বিড দাখিল করতে হবে। তবে বিশেষ কোন পরিস্থিতিতে প্রয়োজন হলে অত্র বিভাগকে অবহিত করে পূর্বে অনুসৃত ম্যানুয়াল (Bids in sealed covers) পদ্ধতিতে বিড দাখিল করা যেতে পারে। একই দিনে দুপুর ২.৩০ ঘটিকায় নিলামের ফলাফল ঘোষিত হবে। ভিন্ন ভিন্ন Bid Price এর জন্য পৃথক বিড দাখিল করতে হবে। উল্লেখ্য, বিল ক্রয়ের জন্য বিডকেই বিড দাখিলকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের বাংলাদেশ ব্যাংকের সঙ্গে পরিচালিত চলতি হিসাব বিকলনের ক্ষমতাপত্র (Authority) হিসাবে বিবেচনা করা হবে। এ প্রেক্ষিতে সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের মাধ্যমে বিডগুলো দাখিল করার জন্য দরদাতাগণকে অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(ইস্টেকমাল হোসেন)
পরিচালক (ডিএমডি)

ফোন: ৯৫৩০১৩১

ই-মেইল: istekmal.hussain@bb.org.bd